

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৭৩১

মোহনপুর, ৭ নভেম্বর, ২০২৪

মোহনপুরে শারদ সম্মান অনুষ্ঠানে কৃষিমন্ত্রী  
এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনে  
ক্লাবগুলিরও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে

যে কোনও উৎসবকে কেন্দ্র করেই সামাজিক একতা তৈরি হয়। উৎসব মানেই সকল অংশের মানুষের মেলবন্ধন। সকল অংশের মানুষের স্বার্থেই এই মেলবন্ধনকে আরও সুদৃঢ় করতে হবে। আজ মোহনপুর মহকুমা অফিস প্রাঙ্গণে শারদ সম্মান অনুষ্ঠানের উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। তিনি বলেন, বাঙালির শ্রেষ্ঠ উৎসব হচ্ছে দুর্গাপূজা। সারা বছর শারদোৎসবের এই দিনগুলির জন্য সবাই অপেক্ষা করে থাকেন। এই উৎসবকে কেন্দ্র করে জনগণের মধ্যে একটা আলাদা উদ্দীপনা সৃষ্টি হয়। ত্রিপুরাবাসী উৎসবপ্রিয়। তারা বিভিন্ন উৎসবে সবাইকে নিয়ে আনন্দে মেতে উঠেন। রাজ্যবাসীর এই আবেগকে সম্মান জানিয়ে রাজ্য সরকারের পক্ষ থেকে শারদ সম্মানে পুজো উদ্যোগাদের ভূষিত করা হয়। তিনি বলেন, এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনে ক্লাবগুলিরও গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, সাংবাদিক সুজিত চক্রবর্তী প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোহনপুর পুরপরিষদের চেয়ারপার্সন অনিতা দেবনাথ। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এডিসির কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব, বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপক কুমার সিনহা ও হেজামারা বিএসির চেয়ারম্যান সুনীল দেববর্মা। অনুষ্ঠানে ১১টি বিভাগে ৩১টি ক্লাবকে শারদ সম্মানে পূর্ণস্থিত করা হয়। তাছাড়াও হাইওয়ে ইয়ুথ ক্লাবকে তাদের বিভিন্ন পারফরমেন্সের জন্য বর্ষসেরা ক্লাব হিসেবে সম্মানিত করা হয়।

\*\*\*\*\*